দৈনিক সংবাদ

তারিখ 28 DEC 1986
পৃষ্ঠা ৪ কলাম ৪

005

# সকল বিদ্যালয়ে নিয়মিত পরিদর্শনের ওপর শিক্ষা সচিবের গুরুত্বারোপ

শিক্ষা সচিব কাজী আজহার আলী শিক্ষাব্যবস্থার সুষ্ঠু বাস্তবায়নের জন্য সকল বিদ্যালয়ে নিয়মিত পরিদর্শনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শিক্ষা প্রশাসনে অব্যবস্থা দূর করা ও শিক্ষার মানোন্নয়নে তা সহায়ক হবে।

শিক্ষা সচিব গতকাল শনিবার জেলা শিক্ষা অফিসারদের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। সমাবেশে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা পরিদপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় বিভাগীয় ও জেলা শিক্ষা অফিসাররা তাদের সমস্যাবলী এবং প্রশাসনব্যবস্থার ত্রুটি দূর করার জন্য কতিপয় সুপারিশ তুলে ধরেন।

শিক্ষা সচিব এসব সমস্যা দূর করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। খবর বাসস'র।